



2019 সেপ্টেম্বর

প্রিয় পিতামাতা/অভিভাবক,

13 জুন, 2019 তারিখ থেকে নিউ ইয়র্কের পাবলিক, প্রাইভেট এবং ধর্মীয় স্কুল এবং শিশুসেবা প্রোগ্রামগুলো স্কুলের ইমিউনাইজেশনের (টিকা) শর্তাবলী থেকে ধর্মীয় কারণে ছাড়ের জন্য অনুরোধ গ্রহণ করতে পারবে না। এই আইনটি প্রি-কিন্ডারগার্টেন থেকে 12 গ্রেড পর্যন্ত সকল শিক্ষার্থী এবং সকল শিশুসেবা সেটিংয়ের জন্য প্রযোজ্য। আপনি যদি অতীতে আপনার সন্তানের জন্য ধর্মীয় ছাড় গ্রহণ করে থাকেন, সেটি এখন আর বৈধ নয়। স্কুল এবং শিশুসেবা প্রোগ্রামগুলো স্বাস্থ্যগত কারণে ছাড়ের অনুরোধ গ্রহণ করে যাবে।

শিক্ষার্থীদের স্কুলে আসতে হলে অবশ্যই ইমিউনাইজেশনের (টিকা) শর্তাবলী পূরণ করতে হবে। যেসব ছেলেমেয়ে সামারে (গ্রীষ্ম) স্কুলে বা শিশুসেবা কেন্দ্রে যাবেন, তাদের যারা সকল বাধ্যতামূলক টিকা-ইঞ্জেকশন গ্রহণ করেনি, তাদেরকে অবশ্যই ধারাবাহিক টিকা-ইঞ্জেকশনের প্রথম ডোজ 19 সেপ্টেম্বর, 2019 তারিখের মধ্যে গ্রহণ করতে হবে। 7 অক্টোবর, 2019 পিতামাতা অথবা অভিভাবককে অবশ্যই দেখাতে হবে যে তারা পরবর্তী ডোজের জন্য অ্যাপয়েন্টমেন্ট করেছে। যেসব ছেলেমেয়ে টিকা-ইঞ্জেকশনের শর্তাবলী পূরণ করবে না, তাদের স্কুলে থাকার অনুমোদন থাকবে না।

2019-20 শিক্ষা বছরের জন্য ইমিউনাইজেশনের (টিকা) নতুন শর্তাবলীর একটি তালিকা নিচে সংক্ষেপে উল্লিখিত হল।

শিশুসেবা কেন্দ্র থেকে 12 গ্রেড পর্যন্ত সকল শিক্ষার্থীদের অবশ্যই নিম্নলিখিত শর্তাবলী পূরণ করতে হবে:

- DTaP (ডিপথেরিয়া, টিটেনাস এবং এসেল্যুলার পার্টুসিস অথবা হুপিং কফ)
- পোলিও ভাইরাস
- MMR (মিসলস্, মাম্পস্, রুবেল্যা)
- ভ্যারিসেলা (জলবসন্ত)
- হেপাটাইটিস B

5 বছরের কম বয়সী যে সকল শিশু চাইল্ড কেয়ার এবং প্রি-কিন্ডারগার্টেনে ভর্তি হয়েছে তাদেরকে অবশ্যই নিম্নলিখিত শর্তাবলী পূরণ করতে হবে:

- Hib (হেমোফিলাস ইনফ্লুয়েঞ্জা টাইপ b)
- PCV (নিউমোকোক্যাল জীবাণু)
- ইনফ্লুয়েঞ্জা (ফ্লু): শিশুদের 31 ডিসেম্বর, 2019 তারিখের মধ্যে অবশ্যই ফ্লু-র টিকা নিতে হবে।

6 থেকে 12 গ্রেডের শিক্ষার্থীদের অবশ্যই নিম্নলিখিত টিকা দিতে হবে:

- Tdap বুস্টার (টিটেনাস, ডিপথেরিয়া এবং পার্টুসিস)
- MenACWY (মেনিঞ্জোকোক্যাল জীবাণু)

আপনার শিশুর স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে তাদের টিকাদানের ইতিহাস পর্যালোচনা করুন। তাদের স্বাস্থ্য সেবা প্রদানকারীরা আপনাকে শিশুসেবা কেন্দ্রে অথবা স্কুলে যেতে অথবা থাকতে এক বা একাধিক টিকার অতিরিক্ত ডোজের প্রয়োজন কিনা জানাবেন। আবশ্যিক টিকার পূর্ণ তালিকার জন্য schools.nyc.gov ভিজিট করুন এবং “immunizations” সার্চ করুন। এই শর্তাবলী সম্পর্কে আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তবে আপনার সন্তানের শিশুসেবা কেন্দ্র অথবা স্কুলের অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসের সাথে যোগাযোগ করুন।